

রমজানে অফিস সময়

- ১.০ অন্যান্য মাসের অফিসে উপস্থিতির সময়ের বিধিবদ্ধ পরিমাণ ৯ ঘন্টা, যার মধ্যে ৩০ মিনিট লাঞ্চ এবং ৩০ মিনিট নামাজের জন্য বরাদ্দকৃত। রমজান মাসে লাঞ্চ না থাকায় এই সময়ের পরিমাণ হবে ৮:৩০ ঘন্টা।
- ২.০ বিধিবদ্ধ ৮:৩০ ঘন্টার স্থলে রোজার কথা বিবেচনা করে অফিস সময় ৬:৩০ ঘন্টা নির্ধারিত হয়েছে। এতে করে দৈনিক যে ২ ঘন্টা ঘাটতি সৃষ্টি হবে সেটি Attendance System-এ রেকর্ডকৃত প্রত্যেকের কিউমুলিটিভ ফুলফিলমেন্টের সাথে সমন্বয়যোগ্য হিসেবে বিবেচ্য হবে।
- ৩.০ রমজান মাসের সকল কর্ম দিবসে অফিস সময় সকাল ১০:০০ টা থেকে ৪:৩০ টা পর্যন্ত নির্ধারিত হয়েছে।
- ৩.১ যদি কেউ বিলম্ব করে সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টার মধ্যে অফিসে আসে, তবে তাকে ৫:৩০ টা পর্যন্ত থাকতে হবে এবং ১১:০০ টার পরে অফিসে আসলে ঐ দিনের উপস্থিতি গ্রহণযোগ্য হবে না।
- ৪.০ এছাড়া রমজান মাসের কথা বিবেচনা করে যে সকল শনিবার অফিস খোলা থাকার কথা সেই সকল শনিবার সকলকে ছুটি দেওয়া হবে। এই ছুটি স্ব স্ব ছুটি স্থিতির সাথে সমন্বয় করা হবে।
- ৫.০ যারা বিদেশী প্রজেক্টে ন্যূনতম ৮ ঘন্টা কাজ করতে বাধ্য, তাদের ক্ষেত্রে অফিস সময় সকাল ১০:০০ টা থেকে ৬:০০ টা পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। তাঁদের জন্য ইফতারে ব্যবস্থা করা হবে।